গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdcd.gov.bd

স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.৯৯.০১১.১৯-১৭৫

২৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ।
তারিখ : .....................................
১০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী উত্তম চর্চার তালিকা প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৫.১ সূচক অনুযায়ী উত্তম চর্চার তালিকা পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২২(বাইশ) পাতা।

(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৯
e-mail: apa.rdcd@gmail.com

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।

অনুলিপি :-

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

শুদ্ধাচার শাখা ★ মন্ত্রিপরিষদ বিভাগ ★ তারিখ ...........

A/S
অতিঃ প্রোগ্রামার,

২৫/০৯/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

স্মারক নং- ৪৭.০০.০০০০.০৪৩.১৮.০০৫.১৮.১৫৩

তারিখঃ ১০ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর,২০১৯ খ্রি:

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর উত্তম চর্চার তালিকা,২০১৯-২০ প্রেরণ প্রসংগে।

সূত্র: ৪৭.০৩১.০১৬.০০.০০.০১১.২০১৩.১২৯৯ তারিখ: ০৪ সেপ্টেম্বর, ২০১৯খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সূচক ৫.১ অনুযায়ী এ বিভাগের উত্তম চর্চার তালিকা ২০১৯-২০, কমিটি কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এমতাবস্থায়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উত্তম চর্চার তালিকা ২০১৯-২০, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৫/০৯/১৯
(মোঃ আজম-ই-সাদত )
উপসচিব (প্রশাসন)
ফোন: ৯৫৭৩৯৫৩
E-mail: ds.admin@rdcd.gov.bd

উপসচিব (প্রশাসন শাখা-১)
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) উপসচিব (এপিএ), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০১৯-২০ অর্থবছরের উত্তম চর্চা (Best Practices) এর তালিকা:

**১। শিরোনাম: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আইসিটি সমস্যার অভিযোগ ও প্রতিকার।**

**বিবরণ:** আইসিটি বিষয়ক সমস্যা সমাধানের জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট: www.rdcd.gov.bd এ সফট্ওয়্যার এর লিঙ্ক দেওয়া আছে। যার মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ আইসিটি বিষয়ক সমস্যা অনলাইনে দাখিল করতে পারেন। সমস্যার বিবরণ দেখে আইসিটি কর্মকর্তাবৃন্দ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন।

**২। শিরোনাম: ভিডিও কনফারেন্সিং।**

**বিবরণ:** ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/ সংস্থাসমূহের মাঠ পর্যায়ের কার্যালয় এবং চলমান প্রকল্পের সুফলভোগীদের সাথে মতবিনিময় করা সম্ভব হচ্ছে। ফলে সর্বস্তরে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

**৩। শিরোনাম: প্রিন্টার /ফটোকপি মেশিনে কাগজের অপচয় রোধ।**

**বিবরণ:** কাগজের অপচয় রোধকল্পে খসড়া কাজের ক্ষেত্রে কাগজের অব্যবহৃত পৃষ্ঠা ব্যবহারের জন্য এ বিভাগের সকল শাখায় পরামর্শ দেয়া হয়েছে। এছাড়া সকলকে ই- নথি এবং অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/ এসএমএস) ব্যবহার করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

**৪। শিরোনাম: অফিস ভবনে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা।**

**বিবরণ:** ডেঙ্গু, চিকুনগুনিয়া,ম্যালেরিয়াসহ মশাবাহিত রোগ প্রতিরোধে অফিস কক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।ওয়াশ্রুমের পরিবেশ উন্নত করা ও ময়লা আবর্জনা নির্দিষ্ট ডাস্টবিনে ফেলা।

**৫। শিরোনাম: বিদ্যুৎ সাশ্রয়ের জন্য বৈদ্যুতিক সরঞ্জামাদির অপচয় রোধ করা।**

**বিবরণ:** বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অফিস ত্যাগের পূর্বে এবং বিনা প্রয়োজনে লাইট, ফ্যান এর সুইচ বন্ধ রাখায় সকলকে পরামর্শ প্রদান করা হচ্ছে ।

**৬। শিরোনাম: ডিজিটাল হাজিরা চালুকৃত।**

**বিবরণ:** এবিভাগে কর্মকর্তা/ কর্মচারীদের উপস্থিতি, আগমন এবং প্রস্থান মনিটরিং এর জন্য ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে।